


মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জিয়াউল হক জিয়া
ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
সভার তারিখ : ০৩/০৮/২০২২খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	প্রাণিসম্পদ বিভাগ	সভায় উপস্থিত সদস্যগণ মতামত ব্যক্ত করেন যে, জুলাই/২০২২ মাসে হিমায়িত সিমেন্ট দ্বারা ৮১০টি বকনা/গাভীকে কৃত্রিম প্রজনের মাধ্যমে ৩৬১টি সংকর জাতের বাছুর উৎপাদন করা হয়েছে। এছাড়া ২৮৬৪টি গবাদি পশু ও ৫৫৫০০টি হাঁস-মুরগিকে চিকিৎসা প্রদান করা হয়েছে। উন্নত প্রযুক্তিতে পশু পালনে ৬০জন খামারিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। খামারী সচেতনতা বৃদ্ধির জন্য ১০টি উঠান বৈঠক করা হয়েছে।	বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার আক্কেলপুর উপজেলা
০২	উপজেলা মৎস্য অফিস	সভায় উপস্থিত উপজেলা মৎস্য অফিসারের পক্ষে প্রতিনিধি জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ (২৩-২৯ জুলাই) সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। নিষিদ্ধা জালের বিরুদ্ধে এ উপজেলার বিভিন্ন হাট-বাজারে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়া মাঠ পর্যায়ে মৎস্য চাষে পরামর্শ, মাটি ও পানি পরীক্ষার কাজ নিয়মিত চলছে।	সুষ্ঠু মৎস্য ব্যবস্থাপনার স্বার্থে প্রশিক্ষণ, পরিদর্শন এবং পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মৎস্য অফিসার আক্কেলপুর উপজেলা

আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ জিয়াউল হক জিয়া)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
আক্কেলপুর, জয়পুরহাট

নং-০৫.৪৩.৩৮১৩.০০০.০৪.০৩২.২২-

তারিখঃ ০৩/০৮/২০২২ খ্রি.

- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ
- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, জয়পুরহাট
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৩। উপজেলা মৎস্য/প্রাণিসম্পদ অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৪। উপজেলা.....অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৫। চেয়ারম্যান, বুকিন্দীপুর/সোনামুখী/গোপীনাথপুর/তিলকপুর/রায়কালী ইউপি, আক্কেলপুর, জয়পুরহাট
- ০৬। জনাবআক্কেলপুর, জয়পুরহাট
- ০৭। অফিস কপি


(মোঃ জিয়াউল হক জিয়া)
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আক্কেলপুর, জয়পুরহাট